



নাগরিক সম্পৃক্ততার উপর একটি বাস্তব-জীবনের পাঠ (লেসন)

প্রিয় পরিবারবর্গ এবং সহকর্মীবৃন্দ,

আগামী সপ্তাহে 2024 সালের নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে, আমি এই মুহূর্তটি আমাদের স্কুলগুলো এবং শিক্ষার্থীদের জন্য কী অর্থ বহন করে তার প্রতিফলন করছিলাম। যদিও জাতীয় রাজনীতি অনেক সময় বিবাদমূলক এবং বিভক্তির কারণ হয়ে ওঠে, আমাদের শিক্ষার্থীদের জন্য এই নির্বাচনে অংশগ্রহণ ও পর্যবেক্ষণের পাশাপাশি, গণতন্ত্রের সক্রিয়রূপ পরিচালনা করার একটি সমসাময়িক, বাস্তব-জীবনের সুযোগ।

আমি সম্প্রতি একটি [প্রবন্ধ](#) পড়েছি যা দেশজুড়ে বিভিন্ন ক্লাসরুম কীভাবে তাদের শিক্ষার্থীদের নির্বাচন সম্পর্কে শিক্ষা দিচ্ছে তা আলোকপাত করেছে (এটি আমাদের ইস্ট ব্রংক্স অ্যাকাডেমি ফর দ্যা ফিউচার-কেও তুলে ধরেছে)। এখন, অন্য যেকোনো সময়ের চেয়ে এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে, আমরা আমাদের শিক্ষার্থীদেরকে আমাদের গণতান্ত্রিক প্রক্রিয়াটি বুঝতে এবং সেটি অনুধাবন করতে - সত্য থেকে কল্পনাকে আলাদা করতে, এর পাশাপাশি এমনকি মতৈক্যের অভাবের মুখোমুখি হয়েও শ্রদ্ধাপূর্ণভাবে আলোচনায় সংশ্লিষ্ট হতে শেখাই।

এই কারণে, আমি আমাদের সিটিব্যাপী নাগরিক সংশ্লিষ্টতার উদ্যোগ [সিভিকস্ ফর অল \(সকলের জন্য পৌরনীতি\)](#)-এর জন্য গর্বিত। 2019-এ সিভিকস্ ফর অল চালু হবার পর থেকে, আমরা 85,000-এর বেশি নতুন ভোটারকে প্রি-রেজিস্টার এবং রেজিস্টার করিয়েছি। আমরা ভোটার অ্যাক্টিভেশন (কার্যকর) বিষয়ক সামগ্রী সকল হাই স্কুলে প্রদান

করেছি এবং আমাদের শিক্ষকদেরকে [বিভিন্ন সংস্থান বা রিসোর্স](#) দিয়ে প্রস্তুত করেছি যাতে তারা নির্বাচন এবং অন্য চলমান ঘটনা নিয়ে কথা বলতে পারেন। এই মাসের প্রথম দিকে, আমরা আমাদের শিক্ষার্থী ভোটের অ্যাক্টিভেশন টিমের জন্য সিটিব্যাপী এক দিনের প্রশিক্ষণের আয়োজনও করেছি, যা 75 জন হাই স্কুল শিক্ষার্থী সমন্বয়ে গঠিত যারা তাদের স্কুল কমিউনিটিতে “ভোট দিতে বেরিয়ে পড়ুন” (গেট আউট দ্যা ভোট)-এর অ্যাঙ্কসেডর হিসেবে কাজ করবে।

যেকোনো নির্বানের ফলাফল যাই হোক না কেন, আমি আত্মবিশ্বাসী যে আমাদের শিক্ষার্থীরা পরবর্তী প্রজন্মের নেতৃত্ব গ্রহণের জন্য ক্ষমতায়িত এবং প্রস্তুত। আমি আমাদের সকল শিক্ষাবিদ এবং পরিবারবর্গ, যারা আমাদের শিক্ষার্থীদের জন্য সক্রিয়, অর্থবহ গণতান্ত্রিক অংশগ্রহণের মডেল হিসেবে কাজ করছেন তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি।

আরেকটি বিষয়—আমি গত সপ্তাহের নিউজলেটারে যেভাবে বলেছিলাম, আমরা আগামী মাসে প্রকাশের জন্য PS + You নতুন আঙ্গিকে তৈরি করবো। যদি আপনি ইতোমধ্যে না দিয়ে থাকেন, অনুগ্রহ করে [আমাদেরকে আপনার মতামত দিন](#), যাতে আমরা এটি নিশ্চিত করতে পারি যে, এই নিউজলেটারটি আমাদের স্কুল কমিউনিটিগুলোতে যা ঘটছে সেসব চমৎকার কাজ প্রতিফলিত হচ্ছে।

অংশীদারিত্বে,

মেলিসা অ্যাভিলেস-রামোস (Melissa Aviles-Ramos)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।